তারিখ 23 DEC 2015
পৃঃ ১ কলাম ৬

আমাদেরসময়

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজগুলোতে র‍্যাংকিং চালু করা হবে : ভিসি

নিজস্ব প্রতিবেদক ●

শীর্ষস্থানের লড়াইয়ে টিকতে শিক্ষকদের 'অসদুপায়' অবলম্বনের কারণে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর র‍্যাংকিং পদ্ধতি বাতিল করেছিল শিক্ষা মন্ত্রণালয়। তবে এবার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজগুলোতে র‍্যাংকিং পদ্ধতি চালুর পরিকল্পনা করছে। গতকাল রাজধানীর মিরপুরে ঢাকা কমার্স কলেজের বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এ কথা জানান।

উপাচার্য বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়কে আমরা নতুন আঙ্গিকে গড়ে তুলতে চেষ্টা চালিয়ে যাচ্ছি। ২০১৮ সালের মধ্যভাগে এটি হবে সম্পূর্ণ সেশনজটমুক্ত। আর কলেজগুলোর শিক্ষার মান নির্ণয়ে শিগগিরই এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃষ্ঠার পর) র‍্যাংকিংয়ের ব্যবস্থা করা হচ্ছে।

ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির সভাপতি প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু সাঈদ, উপাধ্যক্ষ অধ্যাপক শফিকুল ইসলামসহ প্রমুখ।